



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

www.mopa.gov.bd



নম্বর: ০৫,০০,০০০০,১১০,১৬,০১৫,১৮,৬৪৫

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৮

০৮ জুলাই ২০২১

অফিস আদেশ

পুনরাদেশ না দেওয়া পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিয়ন্ত্রণে পুনর্গঠন করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার পদবি ও শাখা	দায়িত্ব
১.	যুগ্মসচিব, সিপি অধিশাখা	সভাপতি (চীফ ইনোভেশন অফিসার)
২.	উপসচিব, প্রশাসন-১ শাখা	সদস্য
৩.	উপসচিব, প্রেষণ-১ শাখা	সদস্য
৪.	উপসচিব, সওব্য-১ শাখা	সদস্য
৫.	উপসচিব, বিধি-৪ শাখা	সদস্য
৬.	উপসচিব, শৃঙ্খলা-১ শাখা	সদস্য
৭.	উপসচিব, পরিকল্পনা-৩ শাখা	সদস্য
৮.	উপসচিব, বাংলা ভাষা বাস্তবায়ন শাখা	সদস্য
৯.	উপসচিব, আইন-১ শাখা	সদস্য
১০.	উপসচিব, সিপি-৩ শাখা	সদস্য সচিব (বিকল্প চীফ ইনোভেশন অফিসার)

০২। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮,০৪,২০১৩ তারিখের ০৪,০০,০০০০,২৩২,৩৫,০০৬,১৩-১৮ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ইনোভেশন টিম এবং চীফ ইনোভেশন অফিসারের কার্যপরিধি নিয়ন্ত্রণ হবে:

(ক) ইনোভেশন টিমের কার্যপরিধি:

- (১) স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- (২) এই সংক্রান্ত কার্যক্রমের বাংসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
- (৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাংসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।

(খ) চীফ ইনোভেশন/ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যবলি:

- (১) স্ব স্ব ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- (২) পরিবর্তনের রূপকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সূজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উন্নাবনী কার্যক্রমের ব্যপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উন্নাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মসূহার বিকাশসাধন এবং উন্নাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- (৩) নাগরিক সেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- (৪) স্বীয় কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা প্রণয়কে উৎসাহিতকরণ;

- (৫) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সম্মিলনে করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- (৬) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- (৭) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অবগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৮) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন; এবং
- (৯) জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework)- এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।



৮-৭-২০২১

মোঃ এনামুল হক

উপসচিব

ফোন: ৯৫৪০২১৮

ইমেইল: adminint@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১০.১৬.০১৫.১৮.৬৪৫/১(২১)

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৮
০৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যার্থে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যোতিতার ক্রমানুসারে নথ):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) অতিরিক্ত সচিব(গ্রেড-১), অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬) উপসচিব, সিপি-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৮) উপসচিব, শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৩) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৮-৭-২০২১

মোঃ এনামুল হক

উপসচিব